



Ref .....২৪:০৪:৩০০০.১০৪:৩১:৩১০.১৪- ৩১৬

Date .....০১-০৪-২০১৯

বিষয় : ০৬-০৪-২০১৯ তারিখে বিজেএমসি কর্তৃপক্ষের সংগে পাটকল শ্রমিকলীগ ও বিভিন্ন মিলের সিবিএ নেতৃবৃন্দের মতবিনিময় সভা সংক্রান্ত ।

জাতীয় মজুরি স্কেল-২০১৫ বাস্তবায়নসহ অন্যান্য দাবী-দাওয়া নিয়ে পাটকল শ্রমিকলীগ ও বিভিন্ন মিলের সিবিএ নেতৃবৃন্দের সাথে বিজেএমসি কর্তৃপক্ষের এক মত বিনিময় সভা ০৬-০৪-২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। বর্তমানে শ্রমিকদের চলতি বকেয়া মজুরী ও কর্মচারীদের বকেয়া বেতন বাবদ সরকারের নিকট হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে অবিলম্বে বকেয়া মজুরি ও বেতন পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে মতবিনিময় সভায় জানানো হয়। মিলের উৎপাদন প্রক্রিয়া চলমান রাখাসহ মিলের অভ্যন্তরে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে শ্রমিক সম্পর্কের উন্নয়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া মতবিনিময় সভায় শ্রমিক নেতৃবৃন্দকে তাদের ন্যায্য দাবী-দাওয়া আইনানুগভাবে পেশ করার ক্ষেত্রে শান্তিপূর্ণ প্রক্রিয়া অবলম্বন করার জন্যও গুরুত্ব আরোপ করা হয়। সভায় বিজেএমসি'র প্রতিটি মিলের উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রেখে উৎপাদিত পণ্য বিপণনের মাধ্যমে মিলের ব্যয় নির্বাহের লক্ষ্যে অধিকতর মনোযোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।

সার্বিক আলোচনা শেষে নিম্নবর্ণিত বিষয়গুলোর উপর গুরুত্ব আরোপ করা হয় :

- (১) গত ০২-০৪-২০১৯ তারিখের স্মারক নং- ২৪.০৪.০০০০.১০৪.১২.০০২.১১-৩০৬ এর মাধ্যমে প্রেরিত নির্দেশনা মোতাবেক সকল মিল কর্তৃপক্ষ জাতীয় মজুরি স্কেল-২০১৫ এর হার অনুযায়ী মজুরি নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিত করে বিজেএমসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করবে;
- (২) সাধারণ শ্রমিকদের স্বার্থ এবং বিজেএমসি'র মিলগুলোর উৎপাদন প্রক্রিয়া যেন কোন ভাবেই ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়;
- (৩) করপোরেশনের নীতি অনুযায়ী প্রতিটি মিলের আয়ের মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের বেতন-মজুরি ও অন্যান্য বিধিসম্মত খরচাদি নির্বাহ করার প্রতি অধিকতর মনোযোগী হওয়ার জন্য সকল মিল কর্তৃপক্ষ ও শ্রমিক নেতৃবৃন্দের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়;
- (৪) সদাশয় সরকারের পক্ষ হতে বিজেএমসি'র অনুকূলে কোন বিশেষ অর্থ বরাদ্দ পাওয়ার পর বকেয়া বেতন ও মজুরি পরিশোধের কার্যক্রম যথাশীঘ্র গ্রহণ করা হবে।

এ কে এম তারেক  
সচিব  
ফোন নং-৯৫৬০০৯২

বিতরণ :

- ১। প্রকল্প প্রধান, সকল মিল
- ২। আঞ্চলিক সমন্বয় কর্মকর্তা(আরসিও), ঢাকা/চট্টগ্রাম/খুলনা অঞ্চল।

অনুলিপিঃ

- ১। মহাব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেবা/হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৩। পরিচালক (উৎপাদন ও পাট) মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ পাটকল শ্রমিকলীগ।
- ৫। সভাপতি, সিবিএ সকল জুট মিলস লিঃ
- ৬। সাধারণ সম্পাদক, সিবিএ সকল জুট মিল লিঃ
- ৭। অফিস কপি/ মাষ্টার ফাইল।